# বান্দরবানের লামায় পাহাড় ধসে প্রাণ গেল ৫ জনের



ছবি: সংগৃহীত

বান্দরবানের লামা উপজেলায় পাহাড় ধসে একটি বসতবাড়ি চাপা পড়ে পাঁচজন নিহত হয়েছেন। বুধবার (৯ জুলাই) ভোরে উপজেলার খইয়ার বিল এলাকার মিশনপাড়ায় এ মর্মান্তিক ঘটনা ঘটে।

দুর্ঘটনার খবর পেয়ে লোহাগাড়া ফায়ার সার্ভিস স্টেশনের একটি দল দ্রুত ঘটনাস্থলে পৌঁছে উদ্ধার অভিযান শুরু করে। এ সময় ধ্বংসস্তূপের নিচ থেকে দুইজনের মরদেহ উদ্ধার করা হয়।

এর আগে স্থানীয় বাসিন্দারা উদ্ধার তৎপরতা চালিয়ে আরও তিনজনের মরদেহ বের করে আনেন। এ নিয়ে নিহতের সংখ্যা দাঁড়িয়েছে পাঁচজনে।

তাৎক্ষণিকভাবে নিহতদের পরিচয় জানা যায়নি। স্থানীয় প্রশাসন ও উদ্ধারকারী সংস্থাগুলো ঘটনাটি নিয়ে প্রয়োজনীয় কার্যক্রম চালিয়ে যাচ্ছে।

LENS ASIA